

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-১
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.২০১৭- ২৩৫ -শিক্ষা

তারিখ: ০৭ ভাদ্র ১৪২৬
২৫ আগস্ট ২০১৯

বিজ্ঞপ্তি


সরকারি কলেজের শিক্ষক বদলী/পদায়ন নীতিমালা-২০১৭ এর আলোকে বিগত ২৮/০৪/২০১৯ তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.১৭-৮২-শিক্ষা মোতাবেক শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণকে নিম্নবর্ণিত সময়-সূচি অনুযায়ী স্ব স্ব পদের জন্য নির্ধারিত মাসের ০১-১৫ তারিখের মধ্যে ds_college@moedu.gov.bd ই-মেইল ঠিকানায় সংযুক্ত ছক মোতাবেক বদলী/পদায়নের জন্য আবেদনপত্র প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছিল :

পদের নাম	আবেদনের সময়			
	প্রথম দফা	দ্বিতীয় দফা	তৃতীয় দফা	চতুর্থ দফা
প্রভাষক	জানুয়ারি	এপ্রিল	জুলাই	অক্টোবর
সহকারী অধ্যাপক				
সহযোগী অধ্যাপক	ফেব্রুয়ারি	মে	আগস্ট	নভেম্বর
অধ্যাপক				

০২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে অনেকেই বদলি/পদায়নের জন্য নীতিমালা ভংগ করে নির্ধারিত ই-মেইল ঠিকানায় আবেদন না করে সরাসরি হার্ডকপি জমা দিচ্ছেন যা কোনভাবেই কাম্য নয়।

০৩। এ পরিপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণকে নীতিমালা অনুসরণ করে অনলাইনে উপরি-উক্ত সময়-সূচি অনুযায়ী আবেদন করার জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। উল্লেখ্য, অদ্য ২৫ আগস্ট, ২০১৯ তারিখ হতে এ বিভাগে কোন বদলি/পদায়নের আবেদনের হার্ড কপি গ্রহণ করা হবে না।


২৫/০৮/১৯
(মুকেশ চন্দ্র বিশ্বাস)
যুগ্মসচিব
ফোন: ৯৫৪০৪৬৭

সরকারি কলেজে কর্মরত বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাদের বদলির আবেদন ফরম

০১. আবেদনকারীর বর্তমান কলেজের নাম:

০২. আবেদনকারীর বিবরণ:

আবেদনকারীর নাম ও পদবী	
পদবী ও বিভাগ	
মোবাইল নম্বর ও ই-মেইল	

০৩. স্বামী/স্ত্রী চাকুরীজীবী হলে নাম ও পদবীসহ কর্মস্থলের ঠিকানা:

০৪. কর্মস্থলের কলানুক্রমিক বিবরণ:

পদের নাম	কর্মস্থল	যোগদানের তারিখ	বিমুক্তির তারিখ	মন্তব্য

০৫. বর্তমান কর্মস্থলে কর্মরত (বিভাগে) শিক্ষকের তথ্য:

পদ	অধ্যাপক	সহযোগী অধ্যাপক	সহকারী অধ্যাপক	প্রভাষক	মোট শিক্ষক	বিভাগে মোট শিক্ষার্থীর সংখ্যা
সৃষ্ট পদ						
কর্মরত পদ						
শূন্য পদ						

০৬. যে কলেজে বদলী হতে ইচ্ছুক:

০৭. প্রার্থিত কলেজে (বিভাগে) কর্মরত শিক্ষকের তথ্য:

পদ	অধ্যাপক	সহযোগী অধ্যাপক	সহকারী অধ্যাপক	প্রভাষক	মোট শিক্ষক	বিভাগে মোট শিক্ষার্থীর সংখ্যা
সৃষ্ট পদ						
কর্মরত পদ						
শূন্য পদ						

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ:

অধ্যক্ষের স্বাক্ষর ও তারিখ: